

যুগান্তর

প্রিন্ট: ১৩ জানুয়ারি ২০২৫, ০১:৪৫ পিএম

শিক্ষাঙ্গন

ইসলামী বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের 'ফ্যামিলি ডে'



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১১ জানুয়ারি ২০২৫, ১০:৩৩ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) অ্যালামনাই অ্যাসোসিয়েশনের 'ফ্যামিলি ডে-২০২৫' অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরের একটি রিসোর্টে শুক্রবার দিনব্যাপী এ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। এ সময় বিভিন্ন বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর শান্তির প্রতীক পায়রা ও আনন্দের প্রতীক রঙ-বেরঙের বেলুন উড়িয়ে দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

অ্যাসোসিয়েশনের সভাপতি মির্জা ওয়ালিদ হোসেন শিপনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক এস এম মিজানুর রহমানের পরিচালনায় অনুষ্ঠানের উদ্বোধন করেন গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হান্নান চৌধুরী।

এ সময় অতিথি ছিলেন ঢাকায় নিযুক্ত ব্রুনাইয়ের রাষ্ট্রদূত হাজী হারিস ওথমান। প্রধান অতিথি ছিলেন ইবির উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ।

বিশেষ অতিথি ছিলেন ইবির সাবেক উপাচার্য ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আব্দুল লতিফ মাসুম, অধ্যাপক আরশেদ আলী মাতুব্বর, অধ্যাপক ড. খসরু মিয়া, অধ্যাপক ড. একেএম মতিনুর রহমান, নওগাঁ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাছনাত আলী ও ইবির উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী, অধ্যাপক ড. আবু সাঈদ, অধ্যাপক ড. আবুল কালাম আজাদ, পুলিশের অতিরিক্ত ডিআইজি সানা শামীমুর রহমান, অতিরিক্ত ডিআইজি আসাদ জামান, পুলিশ সুপার আকরাম হোসেন, অ্যাডভোকেট মোহাম্মদ আলী, অ্যাডভোকেট সাইফুল ইসলাম প্রমুখ।

দিনব্যাপী অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষার্থীদের পরিবারের সদস্যরা খেলাধুলা, পিঠা উৎসবসহ বিভিন্ন কর্মকাণ্ডে মেতে উঠেন। এছাড়াও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি র্যাফেল ড্র অনুষ্ঠিত হয়।

